

20 SEP 2016

ক্রমিক নং

পঞ্চপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
(কম্পিউটার সেল)।
www.khulnadiv.gov.bd

স্মারক নং-০৫.৪৪.০০০০.০০৯.২৯.০১৫.১৬-২৮৭(৪)

তারিখ: ১৮/০৯/২০১৬ খ্রি:।

বিষয় : খুলনা বিভাগে ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান।

উদ্ভাবন কার্যক্রমের অংশ হিসেবে খুলনা বিভাগ থেকে ভিক্ষাবৃত্তি দূরীকরণের জন্য “ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসন কর্মসূচী” হাতে নেওয়া হয়েছে। ভিক্ষাবৃত্তি দূরীকরণে ভিক্ষুকদের কর্মসংস্থান সৃষ্টি ও পুনর্বাসন কর্মসূচী নিতে এ বিভাগের সকল জেলা প্রশাসক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভার মেয়র, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদেরকে এ কাজে সম্পৃক্ত করা হয়েছে। খুলনা বিভাগের জেলা প্রশাসকগণ, পৌরসভার মেয়রগণ এবং উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সমাজসেবা বিভাগ ও এনজিওদের সাথে নিয়ে একটি সার্ভে করে ভিক্ষুকদের একটি ডাটাবেজ তৈরীর কাজ করছেন।

০২। উল্লেখ্য যে, সচল ভিক্ষুকদের জন্য কর্মসংস্থান, অচল কিংবা শারীরিকভাবে খুবই অসুস্থ ভিক্ষুকদের জন্য পুনর্বাসন কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। সে লক্ষ্যে খুলনা বিভাগে “ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসন কর্মসূচীর” আওতায় সহায়তাদানের জন্য খুলনা সিটি কর্পোরেশন, সকল জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের জন্য বর্তমান অর্থবছরের বাজেট থেকে প্রয়োজনীয় বাজেট সুনির্দিষ্টকরণ কিংবা বিশেষ বাজেট প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, “ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসন কর্মসূচী” বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের খুলনা সিটি কর্পোরেশন, সকল জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদকে এ কর্মসূচী বাস্তবায়নে সম্পৃক্ত হওয়ার এবং প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রেখে কর্মসংস্থান ও পুনর্বাসন কর্মসূচীতে অংশগ্রহণ করার নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পঞ্চপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

মোঃ আবদুল সাদ্দ
বিভাগীয় কমিশনার
খুলনা।

০৪১-২৮৫০০৩৫(অফিস)

নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬১.১৪/২৮৬২

তারিখ: ১১/১২/২০১৬খ্রি:।

বিষয়: খুলনা বিভাগে ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়াপিপি প্রেরণ করা হল। পত্রে উল্লিখিত নির্দেশনা মোতাবেক খুলনা বিভাগে ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(এ.কে.এম. আমিরুল হুজ্জামান)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক

-----পৌরসভা

জেলা-----।

অনুলিপিঃ

- ১। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।